# রূপালী ব্যাংক লিমিটেড
## অর্থ প্রশাসন বিভাগ
### প্রধান কার্যালয়, ঢাকা।

প্রধান কার্যালয়ের সকল বিভাগ/
সকল বিভাগীয় কার্যালয়/
সকল জোনাল অফিস/
স্থানীয় কার্যালয়/ আরবিটিএ/
সকল কর্পোঃ শাখা/ সকল শাখা/
সকল নিরীক্ষা ও পরিদর্শন টীম ঃ-

ইস্তেহার নং-প্রকা/অপ্রবি/২৩
তারিখঃ ১৫.০২.২০১৭

**বিষয়ঃ রূপালী ব্যাংক লিমিটেড এর জিপিএফভূক্ত কর্মকর্তা-কর্মচারীদের পেনশন ফান্ডে ব্যাংক কর্তৃক প্রদত্ত (Bank's Contribution to Pension Fund) মাসিক চাঁদার হার মূল বেতনের ১০% হতে ৩৫% হারে উন্নীতকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের ৩১.০১.২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ১০১৮ তম সভায় অত্র ব্যাংকের পেনশন ফান্ডে ব্যাংক কর্তৃক প্রদত্ত মাসিক চাঁদার হার কর্মকর্তা-কর্মচারীদের মূল বেতনের ১০% হতে ৩৫% হারে উন্নীত করনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরিচালনা পর্ষদের উক্ত সিদ্ধান্ত মোতাবেক ০১ লা ফেব্রুয়ারী, ২০১৭ তারিখ হতে জিপিএফ এর আওতাভূক্ত ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের **মূল বেতনের ৩৫% হারে ব্যাংক কর্তৃক প্রদত্ত মাসিক চাঁদা (Bank's Contribution to Pension Fund)** বেতন প্রদান কালীন সময়ে কর্তন করতে হবে। কর্তনকৃত অর্থ পেনশন ফান্ডে জমাকরনের নিমিত্তে প্রতি বছর বার্ষিক হিসাব সমাপনীর ইস্তেহার মোতাবেক নির্ধারিত সময়ে **অর্থ প্রশাসন বিভাগ (Financial Administration Division)** বরাবর পূর্বের নিয়মে প্রেরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অত্র ইস্তেহারে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(মোঃ হারুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ শাওকত জাহান খান)
সিএফও (মহাব্যবস্থাপক)